

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০০৬

আগরতলা, ১৬ সেপ্টেম্বর, ২০২৩

বিশ্ব ওজোন দিবস উপলক্ষে সচেতনতামূলক কর্মসূচি

‘মন্ট্রিইয়াল প্রোটোকল : ওজোন স্তর সংশোধন এবং জলবায়ু পরিবর্তন হ্রাস’ এই ভাবনাকে সামনে রেখে গতকাল ত্রিপুরা ইআইএসিপি হাবে ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের তত্ত্বাবধানে একটি সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন ত্রিপুরা দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদস্য সচিব ড. বিশু কর্মকার। তিনি পৃথিবীর জীবকুলের বেঁচে থাকার জন্য ওজোন স্তরের গুরুত্ব সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করেন। তিনি ওজোন দিবস পালনের প্রেক্ষাপট তুলে ধরেন। প্রধান অতিথির ভাষণে বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের অধিকর্তা অনিমেষ দাস তাঁর বক্তব্যে অতি বেগুনি রশ্মির ক্ষতিকারক প্রভাব থেকে জীবজগৎকে রক্ষা করার জন্য ওজোন স্তরের তাৎপর্য ব্যাখ্যা করেন। তিনি শিক্ষার্থীদের মন্ট্রিইয়াল প্রোটোকল সম্পর্কেও অবহিত করেন। অনুষ্ঠানে মহারাজা বীরবিক্রম কলেজের রসায়ন বিভাগের সহকারি অধ্যাপক ড. সৈকত দাস শর্মা ওজোন স্তরের প্রয়োজনীয়তা সম্পর্কে বিশদ আলোচনা করেন। তিনি ওজোন স্তর হ্রাসের কারণ এবং এর ক্ষতিকারক দিকগুলি তুলে ধরেন। অনুষ্ঠানে ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সহকারি পরিবেশ প্রকৌশলী অপরাজিতা দাস মিশন লাইফ সম্পর্কে শিক্ষার্থীদের আলোকপাত করেন। অনুষ্ঠানে আগরতলা শহরের বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করেন।
